**স্নাতকোত্তর পরীক্ষা ২০১৭**

**বাংলা**

**সেমেস্টার : ৪ : কোর্স : ২**

**বিশেষ পত্র : প্রাচীন ও মধ্যযুগ**

**সময় : ৩ ঘণ্ট** **পূর্ণমান : ৪০**

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

**একক - ১**

১। কাশীরাম দাসের মহাভারতের রচনাকাল বিষয়ে আলোচনা করো। ১০

২। ভক্তিধর্মের কাব্যরূপে কাশীদাসী মহাভারতের বিচার করো। ১০

৩। কাশীদাসী মহাভারতে সমকালীন জীবনের যে-চিত্র পাওয়া যায় তার পরিচয় দাও। ১০

**একক - ২**

৪। উনিশ শতকের সাহিত্যের ইতিহাসে মধ্যযুগের বাংলা সাহিত্য চর্চার বিবরণ দাও। ১০

৫। উনিশ শতকে রচিত রবীন্দ্রনাথের প্রবন্ধ অবলম্বনে তাঁর রামায়ণচর্চার উল্লেখ করো। ১০

৬। 'বাঙ্গালা কবিতা বিষয়ক প্রবন্ধ' গ্রন্থে বর্ণিত মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রসঙ্গটি উপস্থিত করো। ১০

**একক - ৩**

৭। চর্যাপদের ছন্দোরীতি এবং ছন্দোরূপের ক্ষেত্রে বাংলা ছন্দের বৈশিষ্ট্য কতখানি ফুটে উঠেছে তা দৃষ্টান্তসহ দেখাও। ১০

৮। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে বিভিন্ন আয়তনের পঙ্‌ক্তিরূপ কীভাবে নির্মিত হয়েছে, উদাহরণসহ তার পরিচয় দাও। ১০

৯। 'পয়ার ছন্দের একেশ্বরত্ব ছাড়িয়ে গিয়ে বিচিত্র হয়েছে ছন্দ বৈষ্ণব পদাবলীতে।'---- রবীন্দ্রনাথের এই মন্তব্যের যথার্থতা বিচার করো। ১০

১০। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) কাশীরাম দাস মহাভারতের মোট ক'টি পর্ব রচনা করেন ?

(খ) অকাল আম্রের বিবরণ ও দ্রৌপদীর দর্পচূর্ণ অংশটি কাশীদাসী মহাভারতে কোন্ পর্বে পাওয়া যায়? এর উৎস কী?

(গ) উনিশ শতকে বৈষ্ণব সাহিত্য বিষয়ে রবীন্দ্রনাথের লিখিত দুটি প্রবন্ধের নাম করো।

(ঘ) মধ্যযুগের দুই কবির সম্পর্কে বলেন্দ্রনাথ-লিখিত দুটি প্রবন্ধের নাম কী ?

(ঙ) খর্ব ছন্দ কাকে বলে ?

(চ) চৌতিশা কাকে বলে ?